দৈনিক সংবাদ

তারিখ 28 JAN 1991
পৃষ্ঠা ১ কলাম ২

১.৭৭

### ছাত্রঐক্যের বিক্ষোভ সমাবেশ

# ২৪ ঘন্টার মধ্যে এরশাদকে কারাগারে প্রেরণের দাবী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

সর্বদলীয় ছাত্রঐক্য আগামী ২৪ ঘন্টার মধ্যে স্বৈরাচারী এরশাদকে কেন্দ্রীয় কারাগারে প্রেরণের দাবী জানিয়ে বলেছে, অন্যথায় ব্যাপক কর্মসূচী গ্রহণের মাধ্যমে দেশব্যাপী দুর্বার আন্দোলন গড়ে তোলা হবে।

গতকাল রোববার ফার্মগেট বিজয় সরণির মোড়ে আয়োজিত ছাত্রঐক্যের বিক্ষোভ সমাবেশ থেকে এই দাবী জানানো হয়।

সর্বদলীয় ছাত্রঐক্য পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী গতকাল গুলশান অভিমুখে একটি বিক্ষোভ মিছিল বের করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ভবন থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে শাহবাগ, ফার্মগেট হয়ে বিজয় সরণির কাছে পৌছলে পুলিশ মিছিলের গতিরোধ করে। এ সময় বিজয় সরণির মোড়ে আয়োজিত

( ৯-এর পাতায় দেখুন )

### ছাত্রঐক্যের বিক্ষোভ

( ১ম পাতার পর )

বিক্ষোভ সমাবেশে ছাত্রনেতা শাহ আলম, নাজিমউদ্দিন আলম, মোস্তফা ফারুক, শফি আহমদ, নাসির-উদ-দোজা, এস, এম কামাল হোসেন, আবদুস সাত্তার খান ও আখতার সোবহান মাশরুর বক্তৃতা করেন।

সমাবেশে শাহ আলম বলেন, প্রয়োজন হলে ছাত্রসমাজ আবার নতুন করে আন্দোলন গড়ে তুলবে। কিন্তু স্বৈরাচারের দোসরদের এদেশের মাটিতে প্রতিষ্ঠিত হতে দেবে না।

নাজিমউদ্দিন আলম সম্প্রতি অস্থায়ী রাষ্ট্রপতির সাথে জাতীয় পার্টির নেতৃবৃন্দের সাক্ষাতের প্রতিবাদ জানিয়ে বলেন, স্বৈরাচারের যে সহযোগীরা দীর্ঘ ৯ বছর ধরে বাংলার মানুষের ওপর অত্যাচার চালিয়েছে তাদের সাথে গণতান্ত্রিক সরকারের কোন সম্পর্ক থাকতে পারে না।

নাসির-উদ-দোজা বলেন, প্রাক্তন স্বৈরাচারী সরকার এবং তার দোসরদের রক্ষার জন্য বিভিন্নভাবে ষড়যন্ত্র চলছে, কিন্তু এদেশের ছাত্রসমাজ ষড়যন্ত্রকারীদের রুখবে।

শফি আহমদ বলেন, গণতন্ত্রের পূর্বশর্ত হিসেবেই স্বৈরাচারী এরশাদকে কেন্দ্রীয় কারাগারে প্রেরণ করতে হবে।

বিক্ষোভ মিছিলের শুরুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ভবনের সামনে আয়োজিত এক সংক্ষিপ্ত সমাবেশে ডাকসু'র সাধারণ সম্পাদক খায়রুল কবির খোকন ও শফি আহমদ বক্তৃতা করেন।

#### কর্মসূচী

অবিলম্বে এরশাদকে কেন্দ্রীয় কারাগারে প্রেরণ, বিশেষ ট্রাইব্যুনালের মাধ্যমে বিচার, তার সহযোগীদের গ্রেফতার ও বিচার এবং অবৈধ অস্ত্র উদ্ধারের দাবীতে সর্বদলীয় ছাত্রঐক্যের উদ্যোগে আজ সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় পেশাজীবী ও রাজনৈতিক নেতৃবৃন্দের এক সমাবেশ অনুষ্ঠিত হবে। এ সমাবেশ থেকে ছাত্রঐক্যের পরবর্তী আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে।